

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর

৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১  
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০১.০০১.২০২৫- ৩৫

তারিখ ২৪ পৌষ, ১৪৩১  
০৮ জানুয়ারি, ২০২৫

বিষয় : 'মর্নিং ব্রিফ' সকল বিভাগে শুরু করা প্রসঙ্গে;

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জানুয়ারি মাস হতে প্রতি সপ্তাহের সোমবার কারা সদর দপ্তরে 'মর্নিং ব্রিফ' শুরু হয়েছে; যা কারা মহাপরিদর্শকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এর মাধ্যমে কারা সদর দপ্তরের সকল মাঠ পর্যায়ে অন্তর্গত বিভিন্ন কারাগারসমূহে ঘটনা অবহিত হওয়ার পাশাপাশি বিভিন্ন পত্রাদির নির্দেশনা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন হয়ে যায়। এছাড়াও আন্ত: শাখার সমন্বয় বৃদ্ধি, পেন্ডিং ইস্যু বিস্তারিতসহ বিভিন্ন বিষয় আলোচনার মাধ্যমে নির্দিষ্ট সিদ্ধান্ত অতি সত্বর পাওয়া যায়। 'মর্নিং ব্রিফ' এর পরপরই ঐদিনের মিনিটস প্রস্তুত হয়ে যাওয়ায় সকলের করণীয় দ্রুততার সহিত সম্পন্ন নিশ্চিত করা হয়।

এরই প্রেক্ষাপটে কারা মহাপরিদর্শক সকল বিভাগের কারা উপ মহাপরিদর্শকের কার্যালয় হতে প্রতি মঙ্গলবার সুবিধাজনক সময়ে জুম প্লাটফর্ম ব্যবহার করে নিজ নিজ দায়িত্বপূর্ণ কারাগারের সমন্বয়ে 'মর্নিং ব্রিফ' চালু করণের নির্দেশনা প্রদান করেন। এই প্রেক্ষিতে সকল বিভাগের কারা উপ মহাপরিদর্শককে প্রতি মঙ্গলবার 'মর্নিং ব্রিফ' জুম এর মাধ্যমে শুরু করা এবং এর মিনিটস এর কপি প্রতি বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকার মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণ করার নির্দেশ প্রদান করা হলো।



মোহাম্মদ মোস্তফা কামাল

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

addlig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক

সকল বিভাগ, সকল সদর দপ্তর;

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। কারা উপ মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা;
- ২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
- ৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
- ৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
- ৫। জেল সুপার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ);
- ৯। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা;  
এবং
- ১০। গার্ড ফাইল।